কালের কণ্ঠ

তারিখ 11 MAR 2015
পৃষ্ঠা 2 কলাম 2

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# শুক্রবার থেকে শুরু আন্তর্জাতিক সাহিত্য সম্মেলন

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে 'বাংলা সাহিত্য ও বাংলাদেশের অন্যান্য ভাষার সাহিত্যবিষয়ক আন্তর্জাতিক কনফারেন্স' আগামী শুক্রবার থেকে শুরু হচ্ছে। 'বৈচিত্র্যে ঐক্যের অন্বেষা' স্লোগান সামনে রেখে দুই দিনব্যাপী এ সম্মেলন অনুষ্ঠিত হবে। এতে বাংলাদেশ ও ভারতের ৪৩ জন গবেষক তাঁদের প্রবন্ধ উপস্থাপনের পাশাপাশি ৩৯ জন বিশেষজ্ঞ আলোচনায় অংশ নেবেন।

গতকাল মঙ্গলবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের ডিনস্ কমপ্লেক্সের সম্মেলনকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ, বাংলা গবেষণা সংসদ ও বাংলা সমিতি এই সম্মেলনের আয়োজন করছে।

সংবাদ সম্মেলনে জানানো হয়, শুক্রবার সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে সম্মেলনের উদ্বোধন করবেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য পবিত্র সরকার।